ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৪

টেলিফোন নম্বরঃ (০৭২১)-৭৫০৭৯৮, ওয়েবসাইট ঃ www.ruet.ac.bd

স্মারক নং ঃ রুয়েট/জস/ ৬৩৬/১০ তারিখঃ ৩০/০৮/২০১৬ খ্রিঃ।

স্নাতক কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ঃ ২০১৬-২০১৭

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের অধীনে স্নাতক কোর্সে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন শুধুমাত্র মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে (**GCE 'O' ও 'A' level এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা প্রার্থী ব্যতীত**)। প্রতিটি গ্রুপের জন্য প্রদেয় ফি-এর পরিমান নিচের ছকে উল্লেখ করা হলো ঃ

গ্রুপ	বিভাগ	আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি
KA	ইঞ্জিনিয়ারিং বিভাগ সমুহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৳ ৮০০/- (টাকা আটশত মাত্র)
KHA	ইঞ্জিনিয়ারিং বিভাগ সমুহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	৳ ৯০০/-(টাকা নয়শত মাত্র)

১। ভর্তির জন্য নির্ধারিত বিভাগ ও আসন সংখ্যা :

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১২০টি, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ-৩০টি, আর্কিটেকচার বিভাগ-৩০টি, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ-৩০টি, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-১২০টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-১২০টি, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১২০টি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-৬০টি, গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩০টি, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩০টি, কেমিক্যাল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩০টি, ম্যাটারিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩০টি এবং সংরক্ষিত আসনে চট্রগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমুহ ও অন্যান্য এলাকার উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য ৪টি এবং বান্দরবান জেলার প্রার্থীদের জন্য ১টি সহ সর্বমোট ৮৭৫ (আটশত পঁচাত্তর) টি আসন।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৩ বা তৎপরবর্তী সালের SSC অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০ পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে ২০১৬ সালের HSC অথবা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এই চার বিষয়ে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৮.৫ এবং উল্লেখিত বিষয়গুলোর মধ্যে গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে পৃথকভাবে প্রত্যেক বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০ ও ইংরেজীতে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫ পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থী GCE 'O' এবং 'A' level পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' level পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে B গ্রেড এবং নভেম্বর ২০১৫ সালের পরে GCE 'A' level পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা স্বাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০১৬ সালের এইচ এস সি/সমমানের পরীক্ষায় ২(গ) এ উল্লিখিত গ্রেড পেয়ে পাশ করতে হবে। উক্ত ক্ষেত্রে গ্রেড-এর সমতুল্য Numerical Value এর মান সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত সনদপত্রের কপি জমা দিতে হবে।

৩। SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া :

ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে 16222 নম্বরে SMS করতে হবে।

ক) টেলিটক প্রিপেইড সীমযুক্ত মোবাইল ফোনের Message অপশনে গিয়ে RUET লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত গ্রুপ এর কী ওয়ার্ড (KA/KHA) লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ RUET RAJ 123456 2016 DIN 102030 2014 KA উদাহরণটি রাজশাহী বোর্ড হতে HSC ও দিনাজপুর বোর্ড হতে SSC পাশ করা এবং RUET এর KA গ্রুপ এর প্রার্থীর জন্য। এখানে 123456 এর জায়গায় আবেদনকারীকে নিজের HSC পরীক্ষার রোল নম্বর, 102030 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর এবং 2014 এর জায়গায় SSC পাশের সাল লিখতে হবে।

বিভিন্ন বোর্ডের জন্য কী ওয়ার্ডসমূহ হলো: বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), সিলেট (SYL) এবং কারিগরি (VOC)।

সংরক্ষিত আসনে আবেদনকারীগণ উপরোক্ত SMS এর শেষে স্পেস দিয়ে একটি অতিরিক্ত কী ওয়ার্ড (TRI) সংযুক্ত করবে।

উদাহরণ: RUET RAJ 123456 2016 DIN 102030 2014 KA TRI উদাহরণটি সংরক্ষিত আসনে আবেদনকারী প্রার্থীর জন্য।

খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে RUET লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত যে কোন অপারেটর-এর একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে। উদাহরণ: RUET YES 654321 01xxxxxxxxx। এখানে 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN এবং 01xxxxxxxxx এর জায়গায় আবেদনকারীর মোবাইল নম্বর লিখতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল উক্ত টেলিটক মোবাইল ফোন থেকে প্রয়োজনীয় (KA গ্রুপ এর জন্য ৮০০/- অথবা KHA গ্রুপ এর জন্য ৯০০/-) টাকা কেটে নেয়া হবে এবং আবেদন গৃহীত হবে। **ফিরতি SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি ফরম নম্বর জানিয়ে দেয়া হবে যা আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।**

গ) সকল বৈধ আবেদনকারীর মধ্য থেকে HSC পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এই চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এ তালিকা থেকে প্রথম ৬,০০০ (ছয় হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৬,০০০ তম প্রার্থীর সমান উপরোক্ত ৪ (চার)টি বিষয়ে মোট গ্রেড পয়েন্ট প্রাপ্ত সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদেরকে তাদের ফরম নম্বরের বিপরীতে রোল নম্বর জানিয়ে দেয়া হবে (বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েবসাইট ও SMS এর মাধ্যমে)। **পরবর্তী যোগাযোগের জন্য আবেদনকারীকে ভর্তি পরীক্ষার রোল নম্বর সংরক্ষণ করতে হবে।**

৪। প্রবেশপত্র (Admit Card)ঃ

ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙ্গিন ছবি ফটোকপিকৃত রেজিস্ট্রেশন কার্ডের ফাঁকা জায়গায় আঠা দ্বারা পেস্ট করে অবশ্যই সংগে আনতে হবে। ফটোকপিকৃত রেজিস্ট্রেশন কার্ডের উপর ভর্তি পরীক্ষার রোল নম্বর বাংলায় লিখে আনতে হবে। **অন্যথায় তাকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।** উল্লেখ্য যে, ভর্তি পরীক্ষার জন্য কোনরূপ প্রবেশপত্র ইস্যু করা হবে না। এ ছাড়াও সংরক্ষিত আসনের প্রার্থীদেরকে ভর্তি পরীক্ষার দিন হল পরিদর্শকের নিকট উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠীত্বের সনদের সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৫। GCE এবং বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য জ্ঞাতব্য ঃ

GCE 'O' ও 'A' level এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্র-ছাত্রীরা SMS এর মাধ্যমে আবেদন করতে পারবে না। তাদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ruet.ac.bd) থেকে ডাউনলোডকৃত আবেদনপত্র পূরণ করতে হবে। "সভাপতি, ভর্তি কমিটি, রুয়েট" -এর অনুকূলে শুধুমাত্র রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক-এর যে কোন শাখা থেকে প্রয়োজনীয় (KA গ্রুপ এর জন্য ৮০০/- অথবা KHA গ্রুপ এর জন্য ৯০০/-) টাকার ব্যাংক ড্রাফ্ট করে আবেদনপত্রের সাথে সংযুক্তকরত: রেজিষ্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৪ বরাবরে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে অবশ্যই সকল ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং খামের উপর "ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের আবেদনপত্র" উল্লেখ করতে হবে।

৬। গুরুত্বপূর্ণ তথ্যাবলী :

ক) **ভর্তি পরীক্ষা সম্পূর্ন লিখিত পরীক্ষার ভিত্তিতে হবে (মুক্তহস্ত অংকন ছাড়া)।** ২০১৬ সালের HSC পরীক্ষার পাঠ্যসূচীর ভিত্তিতে গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে প্রতিটির উপর ১০০ নম্বর এবং ইংরেজী (Functional) এর উপর ৫০ নম্বরসহ মোট ৩৫০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর্কিটেকচার বিভাগের প্রার্থীদের জন্য উপরিউক্ত ৩৫০ নম্বরের পরীক্ষাসহ অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) পরীক্ষা কক্ষে ক্যালকুলেটর ছাড়া অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস (যেমন-কম্পিউটার/ট্যাব, মোবাইল ফোন, নেটওয়ার্কের সহিত যুক্ত হতে সক্ষম সকল ইলেকট্রনিক ডিভাইস) আনা নিষিদ্ধ।

গ) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ঘ) একটি টেলিটক মোবাইল নম্বরের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে। তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোন অপারেটরের) একটি মোবাইল নম্বর দিতে হবে।

৭। ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী :

ক) ভর্তির আবেদনের সময়সূচী	**৭ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ হতে ২৭ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।**
খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	**৫ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।**
গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	**(i) সকল (KA ও KHA গ্রুপ) প্রার্থীর জন্য** **২৬ অক্টোবর, ২০১৬ খ্রিঃ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।** **(ii) শুধুমাত্র KHA গ্রুপ (আর্কিটেকচার বিভাগের) প্রার্থীর জন্য মুক্তহস্ত অংকন** **২৬ অক্টোবর, ২০১৬ খ্রিঃ রোজ বুধবার বিকাল ৩:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।**
ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	৬ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

- রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ruet.ac.bd) ভর্তি সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে এবং প্রয়োজনে তা ডাউনলোড করা যাবে।
- ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য অফিস সময়ে (সকাল ৯.০০ টা – বিকাল ৫.০০ টা) নিম্নের যেকোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে:
  (১) মোবাইল নম্বর 01555555021 (২) মোবাইল নম্বর 01555555022
- SMS পদ্ধতির রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় কোনরূপ সমস্যার সম্মুখীন হলে টেলিটকের কাস্টমার কেয়ার (১২৩৪)-এ যোগাযোগ করতে হবে।

রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।